**2018 New York City চার্টার রিভিশন কমিশন(Charter Revision Commission):**

যেহেতু, 2018 New York City চার্টার রিভিশন কমিশন সিটির প্রতিটি বরোতে একটি করে প্রাথমিক পর্যায়ের শুনানি সম্পূর্ণ করেছে; এবং

যেহেতু, কমিশন এই বৈঠকগুলিতে নির্বাচিত আধিকারিকদের ও জন প্রতিনিধিদের বক্তব্য শুনেছে এবং লিখিত সাক্ষ্য গ্রহণ করেছেন, যার মধ্যে রয়েছে জনস্বার্থ ও পক্ষসমর্থন গোষ্ঠী, রাজনৈতিক দল ও সরকারি পদে না থাকা সাধারণ নাগরিকদের প্রতিনিধিরা; এবং

সেইসঙ্গে কমিশন ওয়েবসাইট ও বিভিন্ন প্রকারের সোশ্যাল মিডিয়া সহ বিভিন্ন পদ্ধতির মাধ্যমে মতামতের অনুরোধকরছে এবং

কমিশনের কর্মীরা সিটির বিভাগগুলির প্রধানদের ও কর্মীদের মন্তব্য ও মতামতেরও অনুরোধ করেছেন; এবং

কমিশনের গৃহীত প্রাথমিক সাক্ষ্য ও মতামত নিউইয়র্ক বাসীদের সমস্যা সম্পর্কিত বিষয়ে এক বিস্তৃত পরিসরকে প্রতিফলিত করে;

সেই সাক্ষ্য ও মতামতের পর্যালোচনাগুলি নিম্নলিখিত সমস্যাগুলির ক্ষেত্রে সুনির্দিষ্ট ও ব্যাপক আগ্রহের ইঙ্গিত দেয়: ইনস্ট্যান্ট রানঅফ ভোটিং ও অন্যান্য নির্বাচনী সংস্কার প্রচারের অর্থায়নের সংস্কার; স্বাধীন রেডিস্ট্রিক্টিং সহ ন্যায্য প্রতিনিধিত্ব; এবং কমিউনিটি বোর্ডগুলির ভূমিকা পরীক্ষা করা সহ নাগরিক নিয়োজনকে বিস্তৃত ও শক্তিশালী করা সহ নির্বাচনে অর্থবহ অংশগ্রহণের প্রচারের জন্য নেওয়া বিভিন্ন ব্যবস্থা;

সুতরাং, এখন, এই সমাধান করা হোক যে কমিশন এই সমস্যাগুলি সম্পর্কে পরবর্তী বিশেষজ্ঞ ও অনুশীলনকারীদের থেকে আলোচনা ও সাক্ষ্য, গবেষণা ও বিশ্লেষণ আহ্বান করুক;

এবং আরও সমাধান করা হোক যে কমিশন কর্মীদেরকে এই সমস্যাগুলির পরবর্তী গবেষণা ও বিশ্লেষণ করার নির্দেশ দিক;

এবং আরও সমাধান করা হোক যে কমিশন জুন মাসে অনুষ্ঠিত প্রকাশ্য সভার আলোচনায় এই ক্ষেত্রের বিশেষজ্ঞ ও অনুশীলনকারীদের অংশগ্রহণের ব্যবস্থা করুক;

এবং আরও সমাধান করা হোক যে এই আলোচনাগুলির শেষে কর্মীরা উপরোক্ত আলোচনা ও অন্যান্য গবেষণার ফলাফলের সারসংক্ষেপ ও বিশ্লেষণ এবং তাদের প্রাথমিক সুপারিশ সংবলিত একটি রিপোর্ট তৈরি করবেন;

এবং আরও সমাধান করা হোক যে কর্মীদের সেই প্রাথমিক রিপোর্ট প্রকাশের পর কমিশন সিটির প্রতিটি বরোতে সেই প্রাথমিক সুপারিশগুলির উপর জনসাধারণের মতামতের অনুরোধ করতে দ্বিতীয় পর্যায়ের প্রকাশ্য শুনানির আয়োজন করুক।